



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
(প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা)

সার্কুলার নং-ডিএমডি-০৯/২০১৪

তারিখ : ২২/১২/২০১৪ ইং

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশের সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

“গ্র্যাচুয়িটি ফান্ডের টাকা সঞ্চয়পত্রে বিনিয়োগ” প্রসংগে।

শীর্ষক বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকার ২৬/১১/২০১৪ তারিখের এফ-৫(১৫)জাসপ(পলিসি)/৯২(অংশ-১)/২৫৬২ নং পত্র এবং অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নথি নং-০৮.০০.০০০০.০৩৯.০০.০০৩.৯৭.১৭৫, তারিখ ৩০/০৯/২০১৪ এর সূত্রের নির্দেশক্রমে অবহিত করা যাচ্ছে যে, Sanchayapatra Rules, 1977 (First Amendment 2002) এর Rule-5(5) অনুযায়ী ১১/০৬/২০০৫ইং তারিখ হতে কোন প্রতিষ্ঠানের স্বীকৃত ভবিষ্য তহবিল ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে বিনিয়োগের সুযোগ ছিল। কর কমিশনার কর্তৃক স্বীকৃত ভবিষ্য তহবিল ছাড়া গ্র্যাচুয়িটি ফান্ড এর অর্থ ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে বিনিয়োগের সুযোগ ছিল না।

২। বর্ণিত অবস্থায়, ‘গ্র্যাচুয়িটি ফান্ড’ এর অর্থ ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে বিনিয়োগ করা হলে সেগুলো Sanchayapatra Rules, 1977 (First Amendment 2002) অনুযায়ী নগদায়ন করে নেয়ার জন্য পরামর্শ দেয়া হলো এবং যে সকল কর্মকর্তা গ্র্যাচুয়িটি ফান্ডের অর্থ দ্বারা সঞ্চয়পত্র বিক্রয়ের সাথে সংশ্লিষ্ট (যদি থাকে) তাদের চিহ্নিত করে অত্র বিভাগকে জানানোর জন্য অনুরোধ করা গেল। উল্লেখ্য, বিধি বিরুদ্ধ বিনিয়োগের জন্য বিনিয়োগকৃত সঞ্চয়পত্র কোন সুদ/মুনাফা প্রাপ্য হবে না।

আপনাদের বিশ্বস্ত,

(বিষ্ণু পদ সাহা)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১৩১